তারিখ JAN. 02 200[illegible]
পৃষ্ঠা ২ কলাম ২

## রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ

# নিয়োগকৃত ৮৫ জন শিক্ষকের চাকরি নিয়ে জটিলতা নিরসনের তাগিদ

**রাঙ্গামাটি প্রতিনিধি**

রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের নিয়োগকৃত ৮৫ জন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের চাকরি সংক্রান্ত জটিলতার নিরসনের বিষয়টি আশু নিষ্পত্তির জন্য জরুরি প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সরকারের পক্ষ থেকে তাগিদ দেয়া হয়েছে। এক্ষেত্রে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় থেকে চূড়ান্ত সিদ্ধান্ত না দিয়ে সম্প্রতি পার্বত্য আঞ্চলিক পরিষদ ও রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদকে এ ব্যাপারে একটি পত্র দেয়া হয়েছে। উল্লেখ্য, রাঙ্গামাটি জেলায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৮৫ জন শিক্ষক নিয়োগের কার্যক্রমকে ঘিরে পার্বত্য আঞ্চলিক পরিষদ ও রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের মধ্যে দ্বন্দ্বের কারণে বর্তমান জটিলতা সৃষ্টি হয়। শিক্ষকদের চাকরি সংক্রান্ত অনিশ্চয়তা ও বেতন ভাতা বন্ধ হয়ে যায়। এর জটিলতা নিরসনে পার্বত্য মন্ত্রণালয়ে বিষয়টি দীর্ঘদিনের মধ্যে প্রক্রিয়াধীন থাকা অবস্থায় প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে অসন্তোষ প্রকাশ করে বিষয়টি দ্রুত নিষ্পত্তির জন্য তাগিদ দেয়া হয়। কিন্তু ব্যাপারটি দীর্ঘদিন পর পার্বত্য মন্ত্রণালয়ের এই বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত না দিয়ে আবার পার্বত্য আঞ্চলিক পরিষদ ও রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের ওপর ন্যস্ত করায় ওয়াকিবহাল মহলে হতাশার সৃষ্টি হয়েছে। এদিকে বিষয়টির চূড়ান্ত নিষ্পত্তি না হওয়ার কারণে আরও ৪৫০ জন শিক্ষকের শূন্যপদ পূরণের কার্যক্রম টানাপোড়নের কারণে পার্বত্য জনগণের বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা ব্যবস্থা ভেঙে পড়ার উপক্রম হয়ে পড়েছে।